Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 07 April, 2025

গাজায় চলমান ইসরায়েলি হামলা ও গণহত্যার প্রতিবাদে বিশ্বব্যাপী 'দ্য ওয়ার্ল্ড স্টপস ফর গাজা' কর্মসূচির সাথে একাত্মতা প্রকাশ করেছেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের (জাককানইবি) প্রশাসন।একি সাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্লাস, পরীক্ষা ও একাডেমিক কার্যক্রম বর্জনের ঘোষণা দেন।

এর অংশ হিসেবে আজ সোমবার (৭ এপ্রিল) দুপুরে বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি প্রতিবাদ র‍্যালি বের করা হয়।র‍্যালিটি বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ এবং কলা অনুষদ প্রদক্ষিণ করে ক্যাফেটেরিয়ার সামনে দিয়ে পুনরায় নতুন প্রশাসনিক ভবনে এসে শেষ হয়।

র‍্যালিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা অংশ নেন।শিক্ষার্থীরা একত্রিত হয়ে হাতে প্ল্যাকার্ড, পোস্টার এবং ফিলিস্তিনের জাতীয় পতাকা নিয়ে তারা গাজায় চলমান হত্যাযজ্ঞ বন্ধের দাবি জানান।তারা "ইসরাইলের বিরুদ্ধে, ডাইরেক্ট একশন", "ফ্রি ফ্রি প্যালেস্টাইন", "ইসরায়েলী জায়েমবাদ, নিপাত যাক নিপাত যাক", "বয়কট বয়কট, ইসরায়েলী পণ্য", "শহীদদের স্মরণে, ভয় করি না মরণে", "জ্বালো জ্বালো, আগুন জ্বালো" ইত্যাদি নানা স্লোগান দেন।

র‍্যালি শেষে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. জয়নুল আবেদীন সিদ্দিকীসহ অন্যান্য শিক্ষক ও কর্মকর্তারা।
প্রশাসনের পক্ষ থেকে বলা হয়, মানবতা রক্ষার প্রশ্নে নিরবতা অপরাধ, তাই বিশ্বজুড়ে এই ন্যায়সংগত আন্দোলনে অংশগ্রহণ জরুরি।

সমাবেশে শিক্ষার্থীরা বলেন, "গাজায় যা ঘটছে, তা নিছক যুদ্ধ নয়–এটি একটি সুপরিকল্পিত গণহত্যা।বিশ্ব বিবেক আজ নিস্পৃহ, কিন্তু আমরা চুপ থাকব না।আমরা যারা মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে গর্ব করি, তাদের উচিত অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানো।গাজার শিশুর কান্না আমাদের বিবেককে জাগ্রত করেছে।'

উল্লেখ্য, 'দ্য ওয়ার্ল্ড স্টপস ফর গাজা' কর্মসূচি একটি বৈশ্বিক প্রতিবাদ উদ্যোগ, যেখানে বিশ্বের বিভিন্ন দেশ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নির্দিষ্ট দিনে সব প্রাতিষ্ঠানিক কাজ বন্ধ রেখে গাজার জনগণের প্রতি সংহতি প্রকাশ করছেন।

এমন মানবিক ও ন্যায়সংগত দাবির পক্ষে দাঁড়িয়ে জাককানইবির শিক্ষার্থীরা আজ প্রমাণ করলেন, যে অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার হওয়া এখনো সম্ভব।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:10

URL: https://timestodaybd.com/public/campus/94604461